

জনতা ব্যাংক লিমিটেড
হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
ঢাকা।

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৪৩/১৭

তারিখঃ ১১ মে, ২০১৭ খ্রিস্টাব্দ
২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ জনতা ব্যাংক লিমিটেড-এর জিপিএফ হিসাব ধারী পেনশন স্কীমের আওতাধীন কর্মচারীগণের গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করে শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-১ এর প্রজ্ঞাপন সূত্র নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬ তারিখঃ ০৯-০১-২০১৭ খ্রিস্টাব্দ/২৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ অনুসরণ করা হলো।

সরকার পেনশনারগণের (বেসামরিক/সামরিক) আর্থিক এবং সামাজিক সুরক্ষা নিশ্চিত করার স্বার্থে নিম্নরূপ বিধান প্রবর্তন করেছেঃ

উদ্ধৃত

“(ক) সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করিয়া শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন করা হইল। এই বিধান ০১ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।


[ব্যখ্যাঃ ৩০ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ বা তাহার পর যাহাদের অবসর-উত্তর ছুটি শেষ হইবে তাহারা এই সুবিধার আওতায় আসিবেন।]

(খ) পেনশনারগণ/পারিবারিক পেনশনারগণ মাসিক পেনশনের উপর ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন যাহা ০১লা জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।”

অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বেসামরিক সরকারি চাকুরীদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ বিষয়ক স্মারক নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখঃ ০১/০৬/১৯৯৪ খ্রিঃ এর ‘পেনশন সমর্পণ’ সংক্রান্ত ২.১৩ নং অনুচ্ছেদটি ০১-০৭-২০১৭ খ্রিঃ তারিখ হইতে বাতিল বলিয়া গণ্য হইবে।” **অনুদ্ধৃত**


১১-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৪৭৪-তম সভায় পেনশন সমর্পণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের উপর্যুক্ত বিধান অত্র ব্যাংকে কর্মরত জিপিএফ হিসাব ধারী পেনশন স্কীমের আওতাধীন সকল স্থায়ী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে বাস্তবায়ন করার অনুমোদন দেয়া হয়েছে।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।



মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত,



মোঃ সাজেদুর রহমান
মহাব্যবস্থাপক